

রাবিতে ভর্তি পরীক্ষার আবেদন শুরু কাল

রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৬ জানুয়ারি, ২০২৫
১৭:১৬

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির স্থগিত হওয়া প্রাথমিক আবেদন শুরু হবে আগামীকাল সোমবার। আবেদন করা যাবে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

এবারের ভর্তি পরিষ্কায় প্রাথমিক আবেদন ফি ৫৫ টাকা থেকে কমিয়ে ২২ টাকা নির্ধারণ করা হয়েছে। থাকছে না পোষ্য কোটায় ভর্তির বিশেষ সুযোগ।

রবিবার (২৬ জানুয়ারি) দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার স্থগিত হওয়া প্রাথমিক আবেদন শুরু হবে ২৭ জানুয়ারি দুপুর ১২টায়। আবেদন করা যাবে ৫ ফেব্রুয়ারি রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। চূড়ান্ত আবেদন তিন ধাপে যথাক্রমে ১১ থেকে ১৫ ফেব্রুয়ারি, ১৮ থেকে ২০ ফেব্রুয়ারি ও ২৩ থেকে ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত সম্পন্ন হবে।

খ ইউনিটের ভর্তি পরীক্ষা ১২ এপ্রিল, ক ইউনিটের ১৯ এপ্রিল ও গ ইউনিটের ভর্তি পরীক্ষা ২৬ এপ্রিল সকাল ১১টা
থেকে ১২টা পর্যন্ত রাজশাহী, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুরে অবস্থিত পাবলিক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অনুষ্ঠিত
হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <http://admission.ru.ac.bd> পাওয়া যাবে।

অধ্যাপক আখতার হোসেন মজুমদার বলেন, ‘আগেই পোষ্য কোটা বাতিল করা হয়েছিল। সেই সিদ্ধান্তই বহাল
রয়েছে।

,

গত ৫ জানুয়ারি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন শুরুর কথা ছিল। কিন্তু ৪ জানুয়ারি এক
বিজ্ঞপ্তিতে প্রাথমিক আবেদন স্থগিত ঘোষণা করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

